

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
যুব ভবন  
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।  
[www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd)

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৫.৪২.০৩০.৯৫-

তারিখ:-----খ্রি.

বিষয়ঃ মরহম মোঃ লাল মামুদ, প্রাক্তন অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর-এর আনুতোষিক ও মাসিক অবসরভাতা এবং লাম্পগ্রান্ট মঞ্জুরী।


যুব উন্নয়ন অধিদপ্তরধীন শেরপুর জেলার শ্রীবরদী উপজেলা কার্যালয়ের অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর জনাব মোঃ লাল মামুদ চাকুরিতে কর্মরত থাকা অবস্থায় ০৯-০৪-২০১৯খ্রি. তারিখে মৃত্যুবরণ করেন। মরহমের স্ত্রী জনাব জায়েদা পারিবারিক পেনশন এবং লাম্পগ্রান্ট মঞ্জুরীর আবেদন করেন। মরহমের মোট পেনশনযোগ্য চাকুরিকাল ২৩ বছর ০৬ মাস ২৬ দিন অর্থাৎ ২৪ বছর এবং তিনি বিধি মোতাবেক ৮৭% হারে পেনশন প্রাপ্য। প্রত্যাশিত শেষ বেতন সনদ(ইএলপিসি) অনুযায়ী মরহমের পূর্ণ গড় বেতনে ০১ বছর ০১ মাস ০১ দিন ও অর্ধ গড় বেতনে ০১ বছর ০৩ মাস ১৪ দিন অর্জিত ছুটি পাওনা রয়েছে এবং মৃত্যুর অব্যবহিত পূর্বের তারিখে মূল বেতন ১৮,৪০০/-টাকা। তিনি ১৮,৪০০/-টাকার ৮৭% হারে ১৬,০০৮/-টাকা মোট অবসরভাতা প্রাপ্য। তিনি অবসরভাতা ১৬,০০৮/-টাকার ১ম অর্ধাংশ ৮,০০৪/-টাকার বিনিময় হার ২৩০/-টাকা হিসেবে ৮,০০৪X২৩০=১৮,৪০,৯২০/-টাকা আনুতোষিক ও ২য় অর্ধাংশ ৮,০০৪/-টাকা হারে মাসিক অবসরভাতা এবং প্রাপ্য ছুটি নগদায়নপূর্বক ১৮(আঠার) মাসের মূল বেতনের সমপরিমাণ ১৮,৪০০X১৮=৩,৩১,২০০/-টাকা লাম্পগ্রান্ট প্রাপ্য।

২। বর্ণিত অবস্থায়, অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের ২৭-০১-২০০৯খ্রিঃ তারিখের অম/অবি/প্রবি-১/৩পি-২/২০০৫(অংশ-১)/৫ সংখ্যক স্মারকের মাধ্যমে জারিকৃত পেনশন মঞ্জুরী ও পরিশোধ বিধি ২০০৯ এর অনুচ্ছেদ-৩.০১ মোতাবেক আনুতোষিক বাবদ ১৮,৪০,৯২০/- (আঠার লক্ষ চল্লিশ হাজার নয়শত বিশ) টাকা ও মাসিক অবসরভাতা হিসেবে ৮,০০৪/- (আট হাজার চার) টাকা এবং জাতীয় বেতনস্কেল ২০১৫ এর অনুচ্ছেদ-১০(২)(খ) অনুযায়ী লাম্পগ্রান্ট বাবদ ৩,৩১,২০০/- (তিন লক্ষ একত্রিশ হাজার দুইশত) টাকাসহ সমুদয় অর্থ জনাব জায়েদা-এর অনুকূলে পরিশোধের মঞ্জুরী অনুমোদনক্রমে প্রদান করা হলো।

৩। মরহমের আনুতোষিক ও মাসিক অবসরভাতা এবং লাম্পগ্রান্ট মঞ্জুরীর জন্য নিম্নলিখিত কাগজপত্র এসঙ্গে প্রেরণ করা হলো।

নং	বিবরণ	সংখ্যা
১	পেনশন ফরম-২.২	০১(এক)কপি
২	মৃত্যু সনদ	০১(এক)কপি
৩	নমুন স্বাক্ষর ও হাতের পাঁচ আঙ্গুলের ছাপ	০১(এক)কপি
৪	উত্তরাধিকার সনদপত্র ও নন-ম্যারিজ সাটিফিকেট	০১(এক)কপি
৫	আনুতোষিক ও অবসরভাতা উত্তোলন করার ক্ষমতা অর্পণ ও অভিযাবক মনোনয়ন-এর প্রত্যয়নপত্র	০১(এক)কপি
৬	না-দাবী প্রত্যয়নপত্র	০১(এক)কপি
৭	প্রত্যাশিত শেষ বেতন সনদ(ইএলপিসি)	০১(এক)কপি
৮	মূল চাকুরি বহি	০১(এক)কপি

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ০৮(আট) কপি।

  
(আ, ন, আহম্মদ আলী)  
যুগ্ম-সচিব  
পরিচালক(প্রশাসন ও অর্থ)  
ফোনঃ ৯৫৫০৮৬৩

উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা  
শ্রীবরদী, শেরপুর।

তারিখ:-----খ্রি.

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৫.৪২.০৩০.৯৫- ২০৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

১। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ৩য় ফেইজ(৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।

২। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, শেরপুর।


৩। সহকারী পরিচালক(আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (আদেশটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।

৪। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, শ্রীবরদী, শেরপুর।

৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

৬। জনাব জায়েদা, স্বামীঃ মরহম মোঃ লাল মামুদ, গ্রাম+ ডাকঃ বালিয়াচন্ডি, উপজেলাঃ শ্রীবরদী, জেলাঃ শেরপুর।

৭। অফিস কপি।

  
(মোঃ শাহাদাত হোসেন)  
নিরীক্ষা ও হিসাবরক্ষণ অফিসার  
ফোনঃ ৪৭১১০৬৭২।